## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রাত বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৩৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই অগ্রহায়ণ বুধবার ১৩৫৯ ইংরাজী 3rd Dec. 1952 { ২৭শ সংখ্যা





ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ  ১১, বহুবাজার ষ্ট্রীট. কলিকাতা ১২

C. P. Service

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৫৯ সাল।

## প্রতিবাদ না অপবাদ !

—০—

কোনও সংবাদপত্রে প্রকাশিত বিষয়ের প্রতিবাদ করিতে হইলে, সেই সংবাদপত্রেই প্রতিবাদ পাঠানো বিধেয়। তাহাতে প্রতিবাদের বিষয়, মূল বিষয় বা প্রবন্ধের সহিত একত্র পাঠ করিয়া পাঠকগণ বিচার করিবার সুবিধা পাইয়া থাকেন। এক সংবাদপত্রের প্রকাশিত বিষয়ের প্রতিবাদ অন্য সংবাদপত্রে প্রকাশ করিবার জন্য পাঠাইলে শেষোক্ত পত্রের সম্পাদক প্রতিবাদকারীকে প্রথমোক্ত সংবাদপত্রে পাঠাইবার জন্য উপদেশ দিয়া সম্পাদকীয় শিষ্টাচার পালন করিয়া থাকেন। স্বীয় প্রকাশিত প্রবন্ধ বা সংবাদের প্রতিবাদ আসিলে, তাহা প্রকাশ করা সম্পাদকের ন্যায়তঃ ও ধর্ম্মতঃ কর্ত্তব্য। যদি বিদ্বেষবশতঃ কোনও জেদী সম্পাদক কোনও বিরুদ্ধ বাদীর প্রতিবাদ প্রকাশ না করেন, তখন প্রতিবাদকারী ডাকঘরের "সার্টিফিকেট অব্ পোষ্টিং" বা জরুরী ক্ষেত্রে "একনলেজমেণ্ট" পাইবার ফিঃ দিয়া প্রতিবাদ-পত্র রেজিষ্টারী ডাকে পাঠাইয়া তাহার রসিদাদি অন্য কাগজের সম্পাদককে দেখাইলে, তিনি যদি তখন তাহা তাঁহার সংবাদপত্রে প্রকাশ করেন, তাহা দোষাবহ হয় না।

যদি কোনও সম্পাদক নেহাতই শিষ্টাচার অপেক্ষা ভাগ্যবানের আবদার মূল্যবান মনে করিয়া অন্য কাগজে প্রকাশিত ব্যাপারের প্রতিবাদ প্রকাশ করিতে বাধ্য হন, তাহা হইলে তাঁহার উচিত—যে লেখার প্রতিবাদ করা হইতেছে, সেটিও অবিকল পুনর্মুদ্রিত করিয়া, তাহার পরে প্রতিবাদটি প্রকাশ করা। কারণ, তাঁহার পাঠকেরা ব্যাপারটির মাথা-মুণ্ড কিছুই জানেন না, অথচ প্রতিবাদ পড়িয়া কি বুঝিবেন ? তিনি সম্পাদকের উপাস্য ব্যক্তির বিরাগ-ভাজন সংবাদপত্রখানি কিনিবার বা সংগ্রহ করিবার প্রয়াস নিশ্চয়ই করিবেন না। প্রতিবাদটি মাঠেই মারা গেল।

গত ১১ই ভাদ্র ইংরাজী ২৭শে আগষ্ট আমরা মুর্শিদাবাদ জেলা বোর্ডের একটি রাস্তার কথা আমাদের 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশ করিয়া বোর্ডের অন্যতম সদস্য লুৎফল হক সাহেবকে স্বচক্ষে তাহা নিরীক্ষণ করিয়া, ইহা পূর্ত্ত কর্ম্মের ধূর্ত্ততার মূর্ত্ত বিকাশ কিনা তাহা ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার সাহেবের গোচরে আনিবার জন্য অনুরোধ করিয়াছিলাম। জনাব সাহেব আমাদের জানাইয়াছেন—তিনি ( হক সাহেব ) ইহা চেয়ারম্যান মহোদয়ের গোচরে আনায়, চেয়ারম্যান স্বয়ং দেখিবেন বলিয়া আশা দিয়াছিলেন। গত ১৬ই সেপ্টেম্বর তিনি ( চেয়ারম্যান ) রাস্তা দেখিয়া গিয়াছেন। কিছুদিন হইতে দেখা যাইতেছে—রাস্তায় যে পাথরের টুকরাগুলি খালি পায়ের আপৎস্বরূপ ছিল, তাহা কয়েকটি কিশোর শ্রমিক কুড়াইয়া পথের পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র স্তূপাকৃতি করিয়া রাখিতেছে। যে প্রস্তর খণ্ডগুলি এখনও রাস্তায় প্রোথিত অবস্থায় আছে তাহা মাটি দিয়া ঢাকা হইতেছে। ভাবিলাম—চেয়ারম্যান বাহাদুরের পরিদর্শনের পর এই ব্যবস্থা হইতেছে।

হঠাৎ রঘুনাথগঞ্জের নির্দলীয় সাপ্তাহিক পত্রিকা "ভারতীর" ৮ম সংখ্যায় ( ২০শে নবেম্বর তারিখে ) নিম্নলিখিত প্রতিবাদ প্রকাশিত হইল। আমরা তাহাতে যে বর্ণাশুদ্ধি আছে তাহাও ঠিক বজায় রাখিয়া অবিকল প্রকাশ করিলাম—

### "জঙ্গিপুর-সংবাদ" পত্রিকায় প্রকাশিত "রক্তপিপাসু রাজপথের" প্রতিবাদ

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্টবোর্ডের চেয়ারম্যান শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক আমাদিগকে জানাইতেছেন—'গত ১১ই ভাদ্র তারিখে জঙ্গিপুর সংবাদ' পত্রিকায় "রক্তপিপাসু রাজপথ" নামীয় যে প্রবন্ধটী প্রকাশ পাইয়াছে তাহা অবগত হইয়া আমি গত ১৬।৯।৫২ তারিখে ডিষ্ট্রীক্ট ইনজিনীয়ার ও ডিষ্ট্রীক্ট হেল্থ অফিসার মহোদয়গণকে লইয়া রাস্তাটী পরিদর্শন করিয়াছি। পরিদর্শন করিতে গিয়া দেখিলাম যে রাস্তাটী সম্পূর্ণরূপে যাতায়াতের উপযোগী অবস্থায় আছে। আমি উক্ত রাস্তাটি সম্বন্ধে স্থানীয় বার লাইব্রেরীর মেম্বারগণের সহিত আলোচনা করিয়াছি এবং তাঁহারাও উক্ত রাস্তাটীর ব্যাপারে আমার সহিত একমত হইাছেন। 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশিত খবরটী আদৌ সত্য নহে।'

"ভারতী" পত্রিকায় অন্যের প্রদত্ত চিঠিপত্র, অভাব অভিযোগ ও প্রতিবাদাদি প্রকাশের জন্য সুচিত্রিত ব্লক এবং "মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন" এই রক্ষাকবচ-সম্বলিত একটি নির্দ্দিষ্ট স্তম্ভ আছে। এই প্রতিবাদকে সে স্তম্ভে প্রকাশ না করিয়া কাগজের প্রথম পৃষ্ঠায় খুব প্রকাশ্য স্থানে স্থান দেওয়ার কারণ—"জঙ্গিপুর সংবাদে প্রকাশিত সংবাদটী আদৌ সত্য নহে" এই রুচিকর মন্তব্যের জন্য নহে কি ? এই প্রতিবাদ প্রকাশের সময় প্রকাশকের উল্লাসের মাত্রা এত অত্যধিক হইয়াছিল যে "জঙ্গিপুর সংবাদে"র বিরুদ্ধে প্রতিবাদটির শেষ লাইনের পূর্ব্ব লাইনে "একমত হইাছেন" লিখিয়া অন্তস্থ 'য়' এরও অন্ত্যেষ্টি করিয়া ছাড়িয়াছেন। 'জঙ্গিপুর সংবাদ' ৩৯ বৎসরের মহাপাপী। সে অনেক লাঞ্ছনা ভোগ করিয়াছে। মিথ্যা প্রকাশের দায়ে কেহ তাহাকে ফেলিতে পারে নাই।

যা হয়নি কোনও কালে,
তা হলো উনষাট সালে।

"জঙ্গিপুর সংবাদে"র অঙ্গে কর্দ্দম নিক্ষেপ করিতে জেলা-বোর্ডের চেয়ারম্যান বাহাদুরের অঙ্গে তাহা ছিটকাইয়া পড়িয়াছে, ইহা দেখিলে কষ্ট হয়। প্রতিবাদটি পড়িয়া বালকেও ইহা উপলব্ধি করিতে পারিবে। 'জঙ্গিপুর সংবাদ' মিথ্যা প্রচার করিল—১১ই ভাদ্র ( ২৭শে আগষ্ট ), চেয়ারম্যান পরিদর্শনে আসিলেন ১৬।৯।৫২ (১৬ই সেপ্টেম্বর) অর্থাৎ ১৯ দিন পর। স্বচক্ষে পরিদর্শন করিয়া নিজেকে বিশ্বাস করিতে ভয় হইল, মতামত জিজ্ঞাসা করিতে চলিলেন বা সাফাই রাখিতে চলিলেন জঙ্গিপুরের উকীল বাবুদের কাছে। কেন ? রাস্তা খারাপ হইলে কি চেয়ারম্যানের গদী হারায় ? না শাস্তি হয় ? উকীলের আশ্রয় লইতে হইবে কেন ? উকীল বাবুরা কেহ রাস্তা না দেখিয়াই তাঁহার মতে মত দিবেন, এমন খোসামুদে উকীল জঙ্গিপুর 'বারে' নাই বলিয়াই আমরা জানি। তবে যদি "পড়ে ফারসী

বেচে তেল" এই অপবাদের মধ্যে যাদের পাওয়া যায়, তাদের মধ্যে দুটী একটী থাকে। তর্কের খাতিরে যদি স্বীকার করা যায়, 'বার' লাইব্রেরীর মেম্বারগণ চেয়ারম্যানের সহিত একমত" হইয়াছেন ১৬ই সেপ্টেম্বর। "জঙ্গিপুর সংবাদে"র মিথ্যা প্রচারএর প্রতিবাদের ঢাক উৎসাহের সহিত নানা সংবাদপত্রেই বাজানই স্বাভাবিক। "ভারতী" তখনও ভূমিষ্ঠ হন নাই। উকীলগণের সহিত মতৈক্যের ১৬ দিন পর অর্থাৎ ২রা অক্টোবর "ভারতী" জন্মের দিন। চেয়ারম্যান বাহাদুর কি "জঙ্গিপুর সংবাদ" ছাড়া জেলায় আরও তিনখানি সাপ্তাহিক পত্র আছে, তাহা জানিতেন না? আমাদের গ্রামের রতনা ক্ষেপী বলতো—

যে কালে জন্মিবে পুত্‌
নাম রাখিব অবধূত।

তিনি কি "ভারতী" প্রকাশিত হইলে তাহাতেই এই মিথ্যা প্রচারের প্রতিবাদ প্রকাশ করিবার জন্য সত্যবদ্ধ হইয়াছিলেন? তাই যদি হয়, তবে মহীরাবণের পুত্র অহিরাবণ যেমন হনুমানের পদাঘাতে গর্ভ হইতে পড়িয়াই যুদ্ধ করিতে আরম্ভ করিয়াছিল 'ভারতী' তেমনি এই প্রতিবাদ-প্রহরণ হস্তে তাহার অন্যতম সম্পাদকের জন্মদিনে "কুজো-ভাণ্ডার মত অন্ততঃ চাঁদের হাটেও 'জঙ্গিপুর সংবাদে'র মিথ্যার হাঁড়ি ভাঙিয়া গায়ের জ্বালা নিবারণ করিতে পারিতেন। তাহা না করিয়া ভারতীর ৮ম সংখ্যায় ২০শে নবেম্বর অর্থাৎ তাঁহার পরিদর্শনের ২ মাস ৪ দিন পর 'ভারতীর' অভিলাষ পূর্ণ করিবার সুযোগ দিলেন। 'ভারতী' তাঁহার ৯ম সংখ্যাতেও অর্থাৎ ২৭শে নবেম্বরেও ডাক-বিভাগের রেজিষ্ট্রেশন অর্থাৎ এক পয়সার ডাকটিকিটে চলিবার অনুমতি পান নাই। একখানি কাগজ পাঠাইতে তিন পয়সা ব্যয় হয়। প্রচার প্রাচুর্য্যের আশা করিয়া কি এই প্রতিবাদ প্রকাশে দীর্ঘসূত্রতা-দোষে-দুষ্ট হইতে হইল?

এই প্রতিবাদ প্রকাশে 'ভারতী' আমাদের যেমন মিথ্যাবাদী বলিলেন পরোক্ষে চেয়ারম্যান বাহাদুরকেও উন্নতিকামী পুরুষের যে ছয়টী দোষ পরিহার করা উচিত, সেই ছয়টী দোষেই দোষী করিয়া ছাড়িলেন।

ষড়্ দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা।
নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধমালস্যং দীর্ঘসূত্রতা॥

এই আত্মঘাতী প্রতিবাদে 'জঙ্গিপুর সংবাদ'কে মিথ্যা প্রচারের দায়ে কলঙ্কিত করিতে, জেলাবোর্ডের চেয়ারম্যান বাহাদুরকে দীর্ঘসূত্রতা-পঙ্কে লিপ্ত হইতে হইয়াছে। অনেক লোক তাঁহার মতে মত দিয়া সে পঙ্ক ধৌত করিয়া দিবেন, সে আশা তাঁহার থাকা অসম্ভব নয়। কিন্তু 'জঙ্গিপুর সংবাদ' সত্য কথা প্রকাশ করিয়া, 'আদৌ সত্য নহে' এমন প্রচারের কলঙ্ক ঘুচাইবার কি উপায় করিবে! জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রমাণ প্রবল পরাক্রান্ত ইংরাজের ভয়ে যখন কেহ দিতে সাহস করে নাই, তখন পুত্রকন্যা-নিধন-কাতর পাঞ্জাবীগণ বলিতেন—

যাও পুছো বাগমে ইঁটা ঔর চূনসে।
বিলকুল রঙ্—মেরা বাচ্চো কা খুনসে॥

চেয়ারম্যান বাহাদুরের সহিত 'জঙ্গিপুর সংবাদ' তুলনায় 'রাজা ভোজ আর গঙ্গা তেলীর' মত সুতরাং 'জঙ্গিপুর সংবাদের' একমাত্র উপায় অচেতন পদার্থ মোটর-বাস ও মোটর-লরীর টায়ারগুলিকে সাক্ষ্য মানা আর চীৎকার করা

ধনীকে লিয়ে মত্‌লবী লোক
যব কহেগা ঝুটা।
মেরে গবাই—মোটর পহিয়ামে
চোখা পত্থরকা ফুটা॥

## নির্ব্বাচন বাতিল

বারোয়াঁ ও খড়গ্রাম কেন্দ্র হইতে নির্ব্বাচিত উপমন্ত্রী শ্রীসত্যেন্দ্র ঘোষ মৌলিকের এবং তপশীলী কংগ্রেসী শ্রীসুধীরচন্দ্র মণ্ডলের নির্ব্বাচন শ্রীনৃসিংহ কুমার সিংহ ও শ্রীনিবারণ বায়েনের আবেদনক্রমে পশ্চিম বঙ্গ নির্ব্বাচনী ট্রাইবুনাল গত শনিবার বাতিল করিয়াছেন।

## Appeal.

"Flag Day" for organising collections for the benefit of ex-service-men and their families and for providing amenities for serving personnel will be observed throughout the country on the 7th December this year also. This year the date falls on a Sunday and the collections will actually be organised on the next day, i. e. Monday, the 8th December.

Members of the public are very earnestly requested to contribute their mite to the under-signed so that the day may be a success in our Sub-Division.

People should not forget those who have sacrificed. So much so that others may have what they now have.

S. K. Ghose,
S. D. O., Jangipur,
29/XI/52.


## জঙ্গিপুর কলেজ

### টেণ্ডার নোটিশ

কলেজ বিল্ডিংএর দ্বিতল নির্মাণের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। আগামী ১৫ই ডিসেম্বর বৈকাল ৪টার মধ্যে কলেজ আপিসে টেণ্ডার দিতে হইবে। ৫ই ডিসেম্বর হইতে ১৩ই ডিসেম্বর মধ্যে বেলা ১১টা হইতে ৪টা পর্য্যন্ত প্রত্যহ কলেজ আপিসে কর্মের তালিকা পাওয়া যাইবে।

অধ্যক্ষ।

এলোপ্যাথিক ঔষধ
এখানে পাইকারী ও খুচরা সর্বপ্রকার ঔষধ সুলভে পাওয়া যায়
ন্যাশনাল মেডিকেল হল
জিয়াগঞ্জ : মুর্শিদাবাদ






**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়


## জঙ্গীপুর কলেজ লটারীর বিজ্ঞপ্তি

এবং

**জনসাধারণের প্রতি কলেজ গভর্ণিং বডির আবেদন।**

জঙ্গীপুর কলেজের ইমারত সম্প্রসারণ, হষ্টেল নির্মাণ, বিজ্ঞানাগারে জল ও বিদ্যুৎ সরবরাহ ও লাইব্রেরীর সমৃদ্ধিসাধন অত্যাবশ্যক। এই সকল উদ্দেশ্যে আংশিকভাবে সরকারী সাহায্য পাওয়া সত্ত্বেও প্রচুর অর্থের প্রয়োজন। প্রয়োজনীয় অর্থ সংগ্রহের উদ্দেশ্যে পশ্চিম বঙ্গ সরকারের অনুমোদনক্রমে একটী লটারী অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। এতদুদ্দেশ্যে সর্বসাধারণের সহৃদয় ও সক্রিয় সহানুভূতি একান্তভাবে কাম্য। ইতি জঙ্গীপুর কলেজ গভর্ণিং বডির সদস্যবৃন্দ।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৫ই ডিসেম্বর ১৯৫২

১৯৫১ সালের ডিক্রীজারী

৩৩০ থাং ডিঃ শৌরীন্দ্রনাথ মৌলিক দিং দেং সামমহাম্মদ বিশ্বাস দিং দাবি ৩৯০।৵০ থানা সমসেরগঞ্জ মৌজে শিবপুর ৮৮-৬৮ শতকের কাত ২০৩৫/১১ পাই আঃ ৬৬০৲ খং ১৬৭

১৯৫২ সালের ডিক্রীজারী

১৬৮ থাং ডিঃ উমানাথ সিংহ দেং আমিন সেখ দিং দাবি ৭৮।/০ থানা সাগরদীঘি মৌজে ভুমিহর ৩১২ শতকের কাত ১২৲ আঃ ২৫৲ খং ৪৬৪ রায়ত স্থিতিবান

১৬৯ থাং ডিঃ ঐ দেং দুলুপদ রায় দিং দাবি ১৫৫৵৩ মৌজাদি ঐ ১১৮ শতকের কাত ৫৫০ আঃ ১৫৲ খং ৫৩৫ ঐ স্বত্ব

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

১৭ই অগ্রহায়ণ, বুধবার, ১৩৫৯, ইং ৩রা ডিসেম্বর, ১৯৫২


---

## রঙ দেওয়া খাবার

দেখে খোকা খুকুরা খাবার জন্য জুলুম করে। একজন অভিজ্ঞ চিকিৎসক বলেন—ইহা শিশুদের স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর।

---

OFFICE OF THE COLLECTOR OF MURSHIDABAD
TANKS IMPROVEMENT DEPARTMENT.

## NOTICE.

Sealed tenders are invited for the re-excavation of 41 tanks and will be received up to 1 P. M. and opened by the undersigned at 1 P. M. on 10-12-52.

2. Tenders should be filed in proper form obtainable free from this office and must be accompanied with a treasury Chalan showing deposit of 5% of the estimated cost.

3. Plans and estimates of works may be seen at any time during office hours.

Sd/- M. N. MITRA.
For Collector of Murshidabad

---

## NOTICE.

Notice is hereby given that a meeting of the Regional Transport Authority, Murshidabad will be held at the District Magistrate's Khas Kamra at noon on 27th December, 1952 to consider the following :—

**Agenda**

1. To confirm the proceedings of the last meeting held on 28. 10. 52.
2. To consider the applications received in connection with the granting of a permanent route permit on the Radharghat-Kandi route.

3. To consider the report of the Superintendent of Police and the Secretary R. T. A. in connection with the granting of temporary permit on the Lalbagh-Katlamari via Berhampore route.

4. To consider the renewal of permits in respect of the following Stage carriages, Public carriers and Taxi

**Stage Carriage**

(i) W. G. Q.—27—Berhampore-Jellangi route—
Shri Mohan Lal Jain.

(ii) W. G. Q—13—Raghunathganj-Jangipur Road Station—Shri Narendra Nath Singh.

**Public Carrier**

(i) W. G. Q.—220—Shri Mohan Lal Jain.
(ii) W. G. Q.—223—Shri Mohan Lal Jain.
(iii) W. G. Q.—251 Shri Rama Nath Mukherjee.
(iv) W. G. Q.—98—Shri Jogendra Pada Bhattacherji.
(v) W. G. Q.—108 Shri Purilal Biswas.
(vi) W. G. Q.—140—Shri Banabilash Dutt.
(vii) W. G. Q.—131—Shri Radha Govinda Sinha.

**Taxi**

(i) W. G. Q.—14—Shri Narendra Nath Singh.

5. To consider the granting of permanent route permits to the following Public Carriers :—

(i) W. G. Q.— 46—Shri Kali Prosad Pandey.
(ii) W. G. Q.—284—Shri Narayan Chandra Biswas.
(iii) W. G. Q.— 45—Shri Mohan Lal Jain of Dayarampur.
(iv) W. G. Q.— 81—Shri Tripuresh Chandra Pal.
(v) W. G. Q.—181—Shri Sankardas Pal.

**Sd. S. B. Majumder,**
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.

Berhampore,
the 24th November, 1952.

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।